

FEB. 1 2001

ভারো কাগজ

সংখ্যা ৭২০

শিক্ষা সচিবের সঙ্গে নেতৃবৃন্দের বৈঠক

বেসরকারি শিক্ষকদের বকেয়াসহ বর্ধিত বেতনের প্রজ্ঞাপন শিগগিরই

বেসরকারি স্কুল কলেজ মাদ্রাসার শিক্ষকদের গত বছরের জুলাই থেকে বকেয়াসহ ১০% বর্ধিত বেতন সংক্রান্ত সরকারি প্রজ্ঞাপন শিগগিরই জারি করা হবে। ২৪ আগস্ট, ২০০০ পর্যন্ত বিধি মোতাবেক নিয়োগকৃত শিক্ষকদের (তৃতীয় বিভাগসহ) এমপিওভুক্তির প্রক্রিয়াও উর্ধ্বতন কর্মপক্ষেব সঙ্গে আলোচনাক্রমে শিগগিরই শুরু করা হবে।

শিক্ষকদের পেশাগত বিভিন্ন বিষয় এবং নকল প্রতিরোধ ও শিক্ষক প্রশিক্ষণসহ শিক্ষার মান উন্নয়ন নিয়ে গত মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষা সচিব ড. সাদত হুসাইনের সভাপতিত্বে শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিনিধিবৃন্দ, মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের এক বৈঠকে এ তথ্য প্রকাশ করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা সভায় ফেডারেশনের সেক্রেটারি ড. কাজী ফারুক আহমেদ, সভাপতি আজিজুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি এম জাহিরুল ইসলাম, যুগ্ম সচিব অধ্যক্ষ আসাদুল হক

প্রমুখ আলোচনা বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে বেসরকারি শিক্ষকদের ৯৬ সালে প্রবর্তিত স্কেলে ইনক্রিমেন্ট ও মেডিকেল ভাতা প্রদান, সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদে পদোন্নতি, সহকারী শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের মধ্যে বেতনের সামঞ্জস্য বিধান, বেসরকারি প্রধান শিক্ষকদের সরকারি প্রধান শিক্ষকদের অনুরূপ স্কেল প্রদান, অধ্যক্ষ ও উপাধ্যক্ষদের পরবর্তী উচ্চতর বেতনক্রমে অন্তর্ভুক্তি, বেসরকারি কলেজ প্রভাষকদের ২ বছরে প্রদত্ত উচ্চতর স্কেল বহাল রাখা, অবসরপ্রাপ্ত ও মৃত শিক্ষক কর্মচারীদের প্রাপ্য অর্থ পরিশোধের লক্ষ্যে অবিলম্বে কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের নতুন কমিটি গঠন এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জন্য চাকরিবিধি চূড়ান্তকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। শিক্ষা সচিব সরকারের পক্ষ থেকে আশ পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন। সভায় জাতীয়কৃত কলেজ ও সরকারি স্কুল শিক্ষকদের পেশাগত বিভিন্ন বিষয় সংবলিত দুটি প্রতিবেদন সচিবের কাছে পেশ করা হয়। বিজ্ঞপ্তি।